


খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে
প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (জুলাই-সেপ্টেম্বর, ২০২১)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (উপসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
সভার তারিখ	১৪.০৯.২০২১
সভার সময়	সকাল ৯.৩০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী এবং বিএমডির পরিচালক পদে ০১ (এক) জন উপসচিবকে প্রেষণে পদায়ন করায় সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ইতোমধ্যে ওয়েবসাইটে পরিচালকের নাম, ঠিকানা, যোগাযোগ নম্বর আপলোড করা হয়েছে। তিনি আরো জানান, সভাপতির নির্দেশক্রমে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি ‘পরিচালক’-কে সভাপতি/আহ্বায়ক করে হালনাগাদকরণ করা হয়েছে। প্রশিক্ষণের বিষয়ে সভাপতি জানতে চাইলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বিএমডির কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধিবিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। বর্ণিত বিষয়ে বিএমডি কর্তৃক ইতোমধ্যে ০১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান, সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা সংক্রান্ত ০২ টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি সিটিজেন চার্টার বিষয়ক পরিবীক্ষণ কমিটিকে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতির নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা/আইসিটি কর্মকর্তা
	১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০৪ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে এবং প্রথম ত্রৈমাসিকে ইতোমধ্যে ০১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে;	প্রথম ত্রৈমাসিকে ইতোমধ্যে ০১ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং অবশিষ্ট ০৩ টি প্রশিক্ষণ যথাসময়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	২.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ০২ টি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে;	যথাসময়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (উপসচিব), খনিজ সম্পদ উন্নয়ন
ব্যুরো।

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০২.১৫.৩৫৯

তারিখ: ৮ আশ্বিন ১৪২৮

২৩ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৫) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৬) তত্ত্বাবধায়ক, উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)